ছাত্রলীগের বিরুদ্ধে মেহেরপুরে ছাত্রদলের মোটরসাইকেল শোডাউন

নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের বিরুদ্ধে মোটরসাইকেল শোডাউন ও পথসভার আয়োজন করা হয়েছে।

রোববার বিকেলে জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানির নেতৃত্বে শোডাউনটি অনুষ্ঠিত হয়।

মোটরসাইকেল শোডাউনটি মেহেরপুর জেলা বিএনপির কার্যালয় প্রাঙ্গণ থেকে শুরু হয়ে হোটেল বাজার মোড়, কলেজ মোড় ও হাসপাতাল মোড় প্রদক্ষিণ করে মেহেরপুর বড়বাজারে গিয়ে শেষ হয়। পরে সেখানে একটি সংক্ষিপ্ত পথসভা অনুষ্ঠিত হয়।

শোডাউনে উপস্থিত ছিলেন জেলা যুবদলের সদস্য মনিরুল ইসলাম মনি, জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য হাসান, পৌর ছাত্রদলের নেতা রাব্বি, আমঝুপি ইউনিয়ন ছাত্রদল নেতা সুইম, বুড়িপোতা ইউনিয়ন ছাত্রদল নেতা সাজ্জাদসহ ছাত্রদল ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের ধানের শীষের পক্ষে শোডাউন ও দোয়া মাহফিল

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের নবনির্বাচিত কমিটির নেতৃত্বে ধানের শীষের পক্ষে শোডাউন এবং দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪টার দিকে দর্শনা রেলইয়ার্ড থেকে শোডাউন বের হয়ে দর্শনা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা প্রেসক্লাবের সামনে সমাবেশে মিলিত হয়। এসময় স্বাগত বক্তব্য রাখেন যশোর সরকারি কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক পলাশ আহমেদ।

বক্তব্য শেষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া পরিচালনা করেন ওলামা ছাত্রদলের নেতা হাফেজ আসিফ রোমান।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের নবনির্বাচিত সভাপতি মোফাজ্জল হোসেন মোফা, সহসভাপতি মোঃ রায়হান, সহসভাপতি রাজু আহমেদ, সাধারণ সম্পাদক পলাশ আহমেদ, সিনিয়র সাধারণ সম্পাদক আব্দুল হাই, যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ মুশফিকুর রহমান সাইফ, যুগ্ম সাধারণ সম্পাদক ফারুক হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক হুসাইন মোহাম্মদ, যুগ্ম সাধারণ সম্পাদক আলিফ হাসান, যুগ্ম সাধারণ সম্পাদক জুবায়ের হোসেন নিশান, সাংগঠনিক সম্পাদক লিখন হাসান, সহ-সাংগঠনিক সম্পাদক মোঃ সজিব হোসেন, প্রচার সম্পাদক ফারুক হোসেন, দপ্তর সম্পাদক রাকিবুল হাসান রিফাত, ক্রীড়া সম্পাদক মোহাম্মদ ইব্রাহিমসহ দর্শনা পৌর ছাত্রদল ও কলেজ ছাত্রদলের অন্যান্য নেতৃবৃন্দ।

জীবননগরে জামায়াতের যুব বিভাগের মোটর সাইকেল শোডাউন ও গণসংযোগ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনিত চূয়াডাঙ্গা-২ আসনের এমপি নমিনী জেলা আমীর এডভোকেট রুহুল আমিনের পক্ষে জীবননগর উপজেলা হাসাদহ ইউনিয়ন যুব বিভাগের উদ্যোগে মোটর সাইকেল শোডাউন ও হাট-বাজারে গণসংযোগ করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৪ টার সময় হাসাদাহ ইউনিয়ন জামায়াত অফিস থেকে জীবননগর উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটনের নেতৃত্বে ইউনিয়নের হাসাদাহ বাজার, বকুন্ডিয়া, কাটাপোল ও মাধবপুর গ্রামে ব্যাপকভাবে মোটর সাইকেল শোডাউন করা হয়। মোটর সাইকের শোডাউন শেষে মাদবপুর সাপ্তাহিক হাটে জনসংযোগ করেন যুব বিভাগের নেতৃবৃন্দ।

জনসংযোগকালে যুব নেতৃবৃন্দ বলেন, দাড়িপাল্লা সাধারণ মানুষের

প্রিয় প্রতীক। দাড়িপাল্লায় ভোট দিলে জিতে যাবে জনগণ। জামায়াত মানুষের হক তার দোর গোড়ায় পৌছে দিতে চাই। আমরা শাসক নই বরং জনগণের সেবক হতে চাই। এসময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা যুব বিভাগের সহ-সভাপতি যুবনেতা মোমিনল ইসলাম, উপজেলা সেক্রেটারি জাহিদুল ইসলাম, হাসাদাহ ইউনিয়ন জামায়াতের সেক্রেটারি লাল্টু মিয়া, হাসাদাহ ইউনিয়ন যুব বিভাগের সভাপতি আব্দুল মোতালেব, সহ-সভাপতি আবুল কালাম আজাদ, সহ-সভাপতি আব্দুর রহমান মাাস্টার সেক্রেটারি জহিরুল ইসলাম জাদু, হাসাদাহ ইউপি সদস্য জামায়াত নেতা আরিফিন মিয়া, জামায়াত নেতা ইসমাইল হোসেন, ইদ্রিস আলী, ইউনিয়ন যুব নেতা আহাদ আলী, ইমরান হোসেন, আবু হাসান, শাহিন উদ্দীনও মাসুম মিয়া প্রমুখ।